


যুগান্তর

ঢাবিতে নারীদের জন্য তথ্যপ্রযুক্তি বিষয়ে কর্মশালা

প্রকাশ : ১৯ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 ঢাবি প্রতিনিধি



ছবি: যুগান্তর

একাদশ-দ্বাদশ শ্রেণির ছাত্রী এবং তাদের অভিভাবকদের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনুষ্ঠিত হয়েছে তথ্যপ্রযুক্তি বিষয়ে সচেতনতামূলক দিনব্যাপী এক কর্মশালা।

শুক্রবার বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্র (টিএসসি) মিলনায়তনে এ কর্মশালা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানের আয়োজন করে ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) এবং বিশ্ববিদ্যালয় তথ্যপ্রযুক্তি ইন্সটিটিউট

(আইআইটি)। অনুষ্ঠানের সার্বিক সহযোগিতায় ছিল এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক।

ঢাকার বিভিন্ন কলেজগুলো থেকে ৫০ জন এবং ঢাকার বাইরের কলেজগুলো থেকে ৩৫ জন শিক্ষার্থী ও তাদের সঙ্গে ১ জন করে অভিভাবক দিনব্যাপী এই কর্মশালায় অংশ নেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে কর্মশালার উদ্বোধন করেন।

আইআইটির অধ্যাপক ড. কাজী মুহাইমিন-আস-সাকিবের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকের সাউথ এশিয়া রিজিওনাল ডিপার্টমেন্টের সোশ্যাল সেক্টর স্পেশালিস্ট রায়োটেরো হায়াশি, আইআইটির পরিচালক অধ্যাপক ড. মো. শরীফুল ইসলাম, ডাকসু'র বিজ্ঞান ও প্রযুক্তিবিষয়ক সম্পাদক মো. আরিফ ইবনে আলী এবং আইআইটি সফটওয়্যার ইঞ্জিনিয়ার্স কমিউনিটির সভাপতি মো. শায়খ শিহাব উদ্দীন।

অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, আজকের এই কর্মশালার চরিত্র ও বৈশিষ্ট্য ব্যতিক্রমধর্মী। এর ফলে নারী শিক্ষার্থীরা লেখাপড়া ও কর্মক্ষেত্রে সাহসী হওয়ার সুযোগ পাবে এবং অধিকমাত্রায় শক্তি ও উৎসাহ লাভ করবে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।